



এই টিউটোরিয়ালে আমরা সাধারণ হ্যান্ড ব্যাগ কেমন করে বানায় তা শেখাবো।



আপনারা সবাই যারা মুড এর সাথে মিলিয়ে ব্যবহার করতে বিভিন্ন ধরনের ব্যাগ রাখাটা উপভোগ করেন তাদের জন্য; আজ আমরা সাধারণ হ্যান্ড ব্যাগ কেমন করে বানায় তা শেখাবো। আপনারা যারা পছন্দের প্রিন্ট এর ব্যাগ পাওয়ার জন্য উদগ্রীব, এই অনুশীলনটি আত্মস্থ করে এগিয়ে চলার সময় এখনি। আপনি যদি উদ্যমী হন, তাহলে শেষ অর্ধি, শুধু মাত্র নিজের জন্য তৈরী না করে, আপনার ডিজাইন মনস্কতার সাথে মিল রয়েছে এমন দের কাছে ব্যাগ বানিয়ে বেচতেও থাকবেন!

আমাদের অনুশীলনের জন্য আমরা রংচং এ পেজলী প্রিন্ট এর কাপড় বেছে নিয়েছি।



একটা পারফেক্ট হ্যান্ড ব্যাগ এর জন্য আপনার ১৮\*৩০ ইঞ্চি মাপের এক টুকরা কাপড় লাগবে। প্রত্যেকটা ২৬ ইঞ্চি করে দুইটা ব্যাগ স্ট্র্যাপ, মিলানো সূতা, মাপার স্কেল, মার্কার, পিন ও কাঁচি।

কাপড়ের সোজা দিক মুখোমুখি রেখে এই ভাবে আধাআধি ভাঁজ দিয়ে শুরু করলেন। প্রান্ত গুলি মিলিয়ে নিন।

প্রান্ত থেকে খানিকটা দূরত্ব রেখে, যেভাবে দেখানো হয়েছে- তেমন করে খোলা ধার গুলি পিন দিয়ে আটকান। প্রত্যেক পাশে তিনটা করে পিন হলে চলবে।

উপর দিকটা খোলা রাখতে খেয়াল করবেন।

কাপড়কে সেলাই মেশিনে বসান।





সিঁচ প্যাটার্ন সিলেক্টর ঘুরিয়ে 'এ' তে রাখুন আর সিঁচ সিলেক্টর ২ আর ৩ এর মাঝে রাখুন। সেলাই শুরু করেন। রিভার্স সিঁচ লিভার ব্যবহার করে সেলাই গুলো অবশ্যই লক করবেন। প্রান্ত ধরে শেষ অর্ধ সেলাই করেন এবং শেষ প্রান্ত লক করতে ভুলবেননা। সূতা কেটে নিন। একই পদ্ধতিতে বিপরীত দিকটা সেলাই করে নিন। উভয় দিক সেলাই হয়ে গেলে পিন গুলো সরিয়ে নেবেন।



কোন একটা প্রান্তকে এই রকম ভাবে তিনকোনা বানান আর পিন দিয়ে জায়গা মত আটকান অপর পাশে ও একই ভাবে করেন। তিন কোনার সূচালো মাথা থেকে আড়াই ইঞ্চি মেপে নিয়ে চিহ্ন দিন। লাইন টানুন। চিহ্ন থেকে আমার মত করে আড়াআড়ি একটি। অপর পাশে ও একই রকম করবেন। চিহ্ন দেয়া লাইন ধরে প্রত্যেক প্রান্তে সেলাই করবেন। রিভার্স সিঁচ লিভার ব্যবহার করে প্রত্যেক শেষ প্রান্ত লক করতে খেয়াল রাখবেন। সূতা ছেঁটে দিন।

উভয় পাশে কিছুটা জায়গা রেখে, সেলাই করা লাইনের পরের কোনাগুলো কেটে ফেলুন। এটা বাহুল্য কমিয়ে ফেলে একটা পরিচ্ছন্ন চেহারা আনতে সাহায্য করে।

এরপর, খোলা প্রান্ত এক ইঞ্চির মত করে ভাঁজ করবেন। জায়গাটা পিন দিয়ে আটকে দিন।

ব্যাগ স্ট্র্যাপ লাগানোর জন্য উভয় প্রান্ত থেকে পাঁচ ইঞ্চি মেপে চিহ্ন দিন। অন্য পাশে ও একই রকম করবেন।

ব্যাগ স্ট্র্যাপ এর এক প্রান্ত চিহ্নের উপর রাখুন। মাঝের দিকে মিল করে নিন। জায়গাটা পিন দিয়ে আটকে দিন। স্ট্র্যাপ যেন সোজা থাকে, একই পাশের অন্য চিহ্নের সাথে মিলিয়ে স্ট্র্যাপ টি পিন দিয়ে আটকে দিন। জায়গাটা পিন দিয়ে আটকে দিন।

অন্য পাশে, দ্বিতীয় স্ট্র্যাপ নিয়ে একই ভাবে করবেন।

ব্যাগ টা এবার মেশিনে নিন।





জিগ-জ্যাগ সেলাই এর জন্য স্টিচ প্যাটার্ন সিলেক্টর ঘুরিয়ে 'সি' তে রাখুন আর স্টিচ লেংথ ১.৫ রাখুন। দেখানো মত করে, ব্যাগের উভয় প্রান্তে একের পর এক সেলাই করবেন।

ভাঁজ করে পিন মেরে রাখা প্রান্ত ব্যাগ স্ট্র্যাপ সহ সেলাই করবেন। সেলাই করার সময় পিন গুলো খুলে নিতে মনে রাখুন।

স্ট্র্যাপ কে আরো শক্ত করা এবং পরিচ্ছন্ন চেহারা দেয়ার জন্য, সিম থেকে শুরু করে ঠিক ভাঁজের উপর দিয়ে সেলাই করবেন।

ব্যাগ এর ভিতর টা উল্টিয়ে সোজা দিক বের করে আনুন এবং আপনার ব্যাগটি এখন প্রস্তুত। আসলেই গোছানো, তাই না ... আর কতই সহজ!

চালিয়ে যান এবং আরো কয়েকটা বেশী বানান - কেননা কারো ব্যাগের সংখ্যা কখনোই বেশী হতে পারেনা। 'আমার নিজের বানানো' লেখা খেয়ালী ট্যাগ ঝোলান এবং দেখিয়ে বেড়ান। শীঘ্রই আপনার বন্ধুরা ব্যাগের অনুরোধ নিয়ে লাইন ধরবে আর, এ গুলি কিন্তু উন্নত মানের উপহার ও বটে, ভুললে চলবে না যে, এ গুলো প্যাস্টিকের ব্যাগের ব্যবহার কমাতে সহায়তা করে। অতএব, এগিয়ে চলুন- আপনার বক্তব্য সম্বলিত ব্যাগ টি এখনি তৈরী করে নিন।

